

যুগান্তর

প্রিন্ট: ২৪ জুলাই ২০২৫, ০১:৫৭ পিএম

রাজধানী

ঢাকা কলেজিয়েট স্কুলের ১৯০ বছরপূর্তি উদযাপনে শোভাযাত্রা ২৫ জুলাই



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৩ জুলাই ২০২৫, ০৮:১৬ পিএম



দেশের অন্যতম প্রাচীন শিক্ষাপ্রতিষ্ঠান ঢাকা কলেজিয়েট স্কুল তাদের ১৯০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্যাপন করতে যাচ্ছে আগামী ২৫ জুলাই। এই ঐতিহাসিক মুহূর্তকে স্মরণীয় করে রাখতে প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন ঢাকা কলেজিয়েট স্কুল এলামনাই অ্যাসোসিয়েশন আয়োজিত করছে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও দিনব্যাপী উৎসব।

ওই দিন সকাল ১০টায় স্কুল প্রাঙ্গণ থেকে বের হওয়া শোভাযাত্রার মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হবে। শোভাযাত্রায় অংশ নেবেন শত শত প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ। ব্যানার, ফেস্টুন, ব্যান্ড শো এবং ঐতিহ্যবাহী পরিবেশনায় মুখর থাকবে রাজধানীর গুরুত্বপূর্ণ সড়কগুলো।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি ছাড়াও উপস্থিত থাকবেন স্কুলের সাবেক প্রধান শিক্ষক ও বিশিষ্ট প্রাক্তন ছাত্ররা।

এই আয়োজনে সংবাদ প্রচারের জন্য সাংবাদিক ও প্রাক্তন শিক্ষার্থী প্রিন্স এম. হাফিজ গণমাধ্যম প্রতিনিধিদের প্রতি আন্তরিক আমন্ত্রণ জানিয়েছেন। তিনি বলেন, ‘এই স্কুল শুধু একটি শিক্ষা প্রতিষ্ঠান নয়—এটি ইতিহাস, ঐতিহ্য এবং নাগরিক নেতৃত্বের এক চিরন্তন উৎস।’

উল্লেখ্য, ১৮৩৫ সালে প্রতিষ্ঠিত ঢাকা কলেজিয়েট স্কুলের দীর্ঘ ১৯০ বছরের ইতিহাসে অসংখ্য গুণী ব্যক্তিত্বের জন্ম হয়েছে। এ প্রতিষ্ঠানের প্রাক্তন ছাত্রদের মধ্যে রয়েছেন জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে খ্যাতনামা বহু ব্যক্তি।

অনুষ্ঠানের অংশ হিসেবে থাকবে স্কুলের ইতিহাস নিয়ে প্রদর্শনী, স্মারকগ্রন্থ প্রকাশ, প্রাক্তনদের মিলনমেলা এবং সম্মাননা প্রদান অনুষ্ঠান। আয়োজকরা জানিয়েছেন, উদ্যাপন হবে এক ঐতিহাসিক সমাবেশ, যেখানে অতীত ও বর্তমানের সেতুবন্ধন গড়ে উঠবে ভবিষ্যতের অনুপ্রেরণায়।